# চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম।

www.cda.gov.bd

## জরুরী সতর্কীকরণ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) এর আওতাধীন এলাকায় বসবাসরত সম্মানিত জনসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম মেট্রোপলিটন মাষ্টার প্ল্যানের অন্তর্ভুক্ত এলাকায় ভূমি ব্যবহার সংক্রান্ত সিদ্ধান্ত ডিটেইল এরিয়া প্ল্যান (DAP) দ্বারা নিয়ন্ত্রণ করা হয়। তাই চউক এর আওতাধীন এলাকায় ভূমি ক্রয়ের পূর্বে চউক এর ওয়েবসাইট/পরিকল্পনা বিভাগ হতে ক্রয়তব্য জমিটি কাঙ্খিত ব্যবহারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কিনা তা DAP গাইড লাইন পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

একজন সচেতন নাগরিক হিসেবে চউক এর নিয়ন্ত্রণাধীন এলাকায় কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ভবন/ফ্ল্যাট/দোকান ইত্যাদি ভাড়া/ক্রয় করার পূর্বে ভবনটি চউক কর্তৃক অনুমোদিত কিনা এবং অনুমোদন অনুযায়ী ও বিল্ডিং কোড মেনে নির্মিত হয়েছে কিনা এবং তদানুযায়ী ব্যবহার হচ্ছে কিনা, বিষয়গুলো যাচাই করে ক্রয়/ভাড়া নেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। ভবন সংক্রান্ত তথ্য যাচাই না করে ভাড়া/ক্রয় করা হলে প্রতারিত হওয়ার আশংকা রয়েছে।

পরিকল্পিত নগর গড়তে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করছে। জনস্বার্থে এ বিজ্ঞপ্তি প্রচার করা হল ।

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।

CamScanner